৫/

দৈনিক খবর ৬/

তারিখ 19 SEP 1989
পৃষ্ঠা ৬ কলাম ৭

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ১০ কোটি টাকার উন্নয়ন কার্যক্রম শুরু

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ১১ই সেপ্টেম্বর (সংবাদদাতা)।— চলতি অর্থবছরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ৯ কোটি ৩৬ লাখ টাকা ব্যয়ে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম শুরু হয়েছে। অনেকগুলোর প্রায় ৫০ ভাগ কাজ ইতিমধ্যে শেষ হয়েছে এবং বাকীগুলোর কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে।

উন্নয়ন কার্যক্রমের মধ্যে রয়েছে কেন্দ্রীয় মসজিদ নির্মাণ, কৃষি অনুষদ ভবনের তৃতীয় তলা নির্মাণ, ছাত্রীদের হলের দ্বিতীয় ও তৃতীয় তলা নির্মাণ, টিএসসি কমপ্লেক্স। এছাড়া কর্মকর্তাদের আবাসিক সুবিধা বৃদ্ধির জন্য এফ টাইপ ভবন-এর ২য় তলা নির্মাণ, কর্মচারীদের জন্য তিনটি পৃথক পৃথক এইচ টাইপ ভবন নির্মাণ। শিক্ষকদের আবাসিক সুবিধা বৃদ্ধির জন্য বারোটি সিংগেল ফ্লাট নির্মাণের কাজ এগিয়ে চলছে। সংস্কার কার্যক্রমের মধ্যে রয়েছে পুরাতন ভবন মেরামত ও রং করা। ২০ লাখ টাকা ব্যয়ে ভিআইপি অতিথি ভবন মেরামত করা হয়।

দায়িত্বপ্রাপ্ত একজন কর্মকর্তা জানান, এসব নির্মাণ কাজ আগামী '৯০ সালের মধ্যে শেষ হবে। এসব নির্মাণ কাজ শেষ হলে সকল মেয়েকে আবাসিক সুবিধা দেয়া সম্ভব হবে। মসজিদের নির্মাণের কাজ শেষ হলে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা কর্মচারীদের দীর্ঘদিনের দাবী পূরণ হবে। এছাড়া বেশ কিছু শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে আবাসিক সুবিধাদান করা সম্ভব হবে—যা কৃষি বিশ্ববিদ্যালয়ে এখন প্রধান সমস্যা। টিএসসি কমপ্লেক্স সম্পন্ন হলে এখানে একটি ৫শ' আসনের সেমিনার কক্ষ থাকবে এবং আধুনিক টিএসসি হিসেবে গড়ে উঠবে। কৃষি অনুষদের ৩য় তলার নির্মাণ কাজ সম্পন্ন হলে ক্লাস রুমের সমস্যা কাটিয়ে উঠা সম্ভব হবে।

এছাড়া বিশ্ববিদ্যালয়ের টেলিফোন যোগাযোগ উন্নয়নের জন্য প্রায় এক কোটি টাকা ব্যয়ে নতুন টেলিফোন বোর্ড ও সেট স্থাপনের কাজ খুব শিগগির শুরু হচ্ছে বলে জানা গেছে।